



## প্রেস বিজ্ঞপ্তি

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে আন্তঃবিভাগ ভলিবল (ছাত্র-ছাত্রী) প্রতিযোগিতা ২০২৩ উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১১ ডিসেম্বর ২০২৩খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আন্তঃবিভাগ ভলিবল (ছাত্র-ছাত্রী) প্রতিযোগিতা ২০২৩ উদ্বোধন করা হয়েছে। ১১ ডিসেম্বর ২০২৩ তারিখ সকাল ১০টায় বরিশাল জেলা ক্রীড়া অফিসের আয়োজনে এবং বরিশাল বিশ্ববিদ্যালয়ের শারীরিক শিক্ষা অফিসের সার্বিক সহযোগিতায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এ টুর্নামেন্টের উদ্বোধন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রুটিন দায়িত্ব) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে বলেন, আন্তঃবিভাগ টুর্নামেন্টের উদ্দেশ্য হচ্ছে বিভাগগুলোর মধ্যে সম্পর্ক উন্নয়ন করা এবং পারস্পরিক সৌহার্দ্যতা বজায় রেখে খেলাধুলায় অংশগ্রহণ করা। খেলাধুলার প্রতিযোগিতা হবে সৌহার্দ্যপূর্ণ ও ভ্রাতৃত্বসুলভ। খেলায় জয় পরাজয় মেনে নিয়ে একে অপরের পাশে থাকতে শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান উপাচার্য। এসময় খেলাধুলাসহ অন্যান্য সহশিক্ষা কার্যক্রমে অংশগ্রহণের জন্য শিক্ষার্থীদের উৎসাহ প্রদান করেন উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক মুহাম্মদ রাফিকুল ইসলামের সভাপতিত্বে বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সভাপতি আরিফ হোসেন, প্রক্টর ড. খোরশেদ আলম, জেলা ক্রীড়া অফিসার সাইদুল ইসলাম। এসময় উপস্থিত ছিলেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক, শেরে বাংলা হলের প্রভোস্ট, বিভাগীয় প্রধানগণ, ছাত্র পরামর্শ ও নির্দেশনা পরিচালক, শিক্ষকমন্ডলী, শিক্ষার্থীবৃন্দসহ শারীরিক শিক্ষা দপ্তরের অন্যান্যরা। উদ্বোধনী পর্বে সমাজবিজ্ঞান ও বাংলা বিভাগের মধ্যে খেলা অনুষ্ঠিত হয়। আন্তঃবিভাগ ভলিবল টুর্নামেন্টের ফাইনাল খেলা আগামী ১২ ডিসেম্বর ২০২৩ তারিখ অনুষ্ঠিত হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়